তারিখ 23 OCT 2016
পৃষ্ঠা ২৪ কলাম ৪

যুগান্তর



বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা শেষে বেরিয়ে আসছেন শিক্ষার্থী ও অভিভাবকরা যুগান্তর

বুয়েটে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

# বিড়ম্বনায় পড়তে হয়নি শিক্ষার্থীদের

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) প্রশাসনের তৎপরতা এবং শিক্ষার্থীদের সতর্কতায় সুন্দরভাবে অনুষ্ঠিত হয়েছে ভর্তি পরীক্ষা। শিক্ষার্থীদের ওপর আওয়ামী লীগের ২০তম জাতীয় সম্মেলনের তেমন একটা নেতিবাচক প্রভাব পরেনি। বেশ কয়েকজন শিক্ষার্থী জানিয়েছেন, শনিবার রাজধানীতে প্রচণ্ড জ্যাম সৃষ্টি হতে পারে— এমন আশংকা থেকে তারা আগেভাগেই আজিমপুর ও আশপাশের এলাকায় বিভিন্ন আত্মীয়ের বাসা কিংবা হোস্টেলে অবস্থান নিয়েছেন।

আওয়ামী লীগের সম্মেলন এবং বুয়েট ভর্তি পরীক্ষা উপলক্ষে শনিবার রাজধানীতে অতিরিক্ত দেড় লাখ লোকের সমাগম ঘটেছে বলে ধারণা সংশ্লিষ্টদের। বিষয়টির দিকে লক্ষ্য রেখে ভর্তি পরীক্ষা দিতে আসা শিক্ষার্থীদের পরীক্ষা শুরুর নির্ধারিত সময়ের আগে কেন্দ্রে উপস্থিত হতে পরামর্শ দিয়েছিল বুয়েট কর্তৃপক্ষ। সে অনুযায়ী নির্ধারিত সময়ের আগেই তারা কেন্দ্রে উপস্থিত হওয়াতে সুন্দরভাবেই পরীক্ষায় অংশ নিতে পেরেছেন। বুয়েটের উপপরিচালক (তথ্য ও প্রকাশনা) মো. শাহ্ আলম যুগান্তরকে বলেন, বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত সময়েই পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। যেহেতু যানজটের একটা আশংকা ছিল, তাই আমরা শিক্ষার্থীদের সময় নিয়েই কেন্দ্রে আসতে বলেছি। তারা আমাদের নির্দেশনা অনুযায়ী পরীক্ষা কেন্দ্রে এসেছে। এর ফলে অত্যন্ত সুন্দরভাবে পরীক্ষাটি সম্পন্ন হয়েছে।

শনিবার সকাল ৯টায় চলতি শিক্ষা বর্ষে বিশ্ববিদ্যালয়টির প্রকৌশল, পুরকৌশল, যন্ত্রকৌশল, তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল এবং স্থাপত্য ও পরিকল্পনা অনুষদের বিভিন্ন বিভাগের স্নাতক কোর্সে লেভেল-১, টার্ম-১ এর ছাত্রছাত্রীদের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। পুরকৌশল ভবনে সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত পরীক্ষা অনুষ্ঠিত হয়। পুরকৌশল ভবন ব্যতীত অন্যান্য ভবনে সকাল ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত পরীক্ষা অনুষ্ঠিত হয়। ১ হাজার ৩০টি আসনের বিপরীতে মোট ৯ হাজার ১৫৭ জন যোগ্য প্রার্থী পরীক্ষায় অংশ নেন। ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের নামের তালিকা ১২ নভেম্বর প্রকাশিত হবে।